গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(বাজেট ও এপিএ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

বিষয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন সূচকের অর্জন প্রত্যয়নের নিমিত্ত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ কামরুল হাসান *এনডিসি*<br>সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণায়। |
| সভার তারিখ ও সময় | : তারিখ: ১২-০৭-২০২৩ খ্রি: অপরাহ্ন ০২:৩০ টা। |
| সভার স্থান | : মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং ১০৪, ভবন নং ০৪) |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের টিম লিডার ও অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন নির্দেশিকায় সমস্ত সূচকের অর্জনকে প্রত্যয়ন করে সভা করার নির্দেশনা রয়েছে এবং আগামী ১৬-০৭-২০২২ খ্রি: তারিখের মধ্যে অর্জনের প্রমাণকসহ আপলোড সম্পন্ন করতে বলা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে উপসচিব বাজেট ও এপিএ ফোকাল পয়েন্ট জানান যে, ০৩ জুলাই ২০২২ খ্রি: তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সাথে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর সচিব মহোদয় ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ০২টি অংশ রয়েছে। মূল অংশ, তথা মন্ত্রণালয়ের ৩টি কৌশলগত উদ্দেশ্যের মান ৭০ এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মান ৩০। এপিএএমএস সফটওয়্যারে মন্ত্রণালয়ের ৩টি কৌশলগত উদ্দেশ্যের কর্মসম্পাদন সূচক ভিত্তিক প্রমাণকসমূহ আপলোড করতে হয়। সভাপতি জানান যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ভিশন হলো- প্রাকৃতিক, জলবায়ু জনিত ও মনুষ্যসৃষ্ট, দুর্যোগের ক্ষতিকর প্রভাব বিপদাপন্ন জনগোষ্ঠীর সহনীয় পর্যায়ে কমিয়ে আনা এবং এ মন্ত্রণালয়ের অভিলক্ষ্য হলো-দুর্যোগ ব্যবস্থাপনার সার্বিক সক্ষমতা শক্তিশালীকরণের মাধ্যমে জনগণের বিশেষ করে দরিদ্র ও দুর্দশাগ্রস্ত জনগোষ্ঠির ঝুঁকি হ্রাস এবং দুর্যোগ মোকাবিলায় সক্ষম দক্ষ জরুরি সাড়া প্রদান পদ্ধতি প্রতিষ্ঠা করা। সভাপতি আরও জানান যে, সরকারের মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করে রূপকল্প ২০৪১ বাস্তবায়নের লক্ষ্য নিয়েই বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রবর্তন করা হয়েছে।

১.২ সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর নিম্মোক্ত ৩টি কৌশলগত উদ্দেশ্য ভিত্তিক বিস্তারিত কার্যক্রম, কর্মসম্পাদন সূচকের মান ও লক্ষ্যমাত্রা সভায় তুলে ধরা হয়। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, এ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্যসমূহে ৪৭টি কর্মসম্পাদন সূচক রয়েছে। এ মন্ত্রণালয়ের বিভিন্ন অনুবিভাগ, অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সিপিপি হতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকের অর্জনের প্রমাণক পাওয়া গেছে। ছক আকারে কর্মসম্পাদন সূচক ভিত্তিক অর্জন উল্লেখ করা হলঃ

কৌশলগত উদ্দেশ্যসমূহ (মোট নম্বর-৭০):

(ক) বিপদাপন্ন ও দুর্দশাগ্রস্ত জনগোষ্ঠীর দুর্দশা লাঘব ও ঝুঁকিহ্রাসকরণ: (নম্বর-২৪)

| নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|---|---|---|---|
| ১. | [১.১] গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (কাবিখা) | [১.১.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ জন) | ৩ | ১৪.৫০ | ১৮.৮০৮ |
| | | [১.১.২] কাবিখা কর্মসূচি পরিদর্শনের সংখ্যা | সংখ্যা | ১ | ৫০ | ৬০ |
| | | [১.১.৩] পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন | % | ১ | ৫০ | ৮৫.৭১ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২. | [১.২] গ্রামীণ অবকাঠামোসমূহের রক্ষণাবেক্ষণ (টিআর) | [১.২.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ জন) | ৩ | ১৫.০০ | ২৬.২ |
| | | ১.২.২] টিআর কর্মসূচি পরিদর্শনের সংখ্যা | সংখ্যা | ১ | ৫০ | ৫০ |
| | | [১.২.৩] পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন | % | ১ | ৫০ | ৮৮.৮৯ |
| ৩. | [১.৩] ভিজিএফ এর মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ | [১.৩.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ জন) | ৩ | ৪০০ | ৫০২.২৪ |
| ৪. | [১.৪] অতি দরিদ্র জনগোষ্ঠির জন্য কর্মসংস্থান সৃষ্টি | [১.৪.১] উপকারভোগী | সংখ্যা | ৩ | ১৯ | ২০.০৩ |
| | | [১.৪.২] ইজিপিপি কর্মসূচি পরিদর্শনের সংখ্যা | সংখ্যা | ১ | ৬০ | ৬০ |
| | | [১.৪.৩] পরিদর্শনের সুপারিশ বাস্তাবায়ন | % | ১ | ৫০ | ৭৪.১৯ |
| ৫. | [১.৫] বিপদাপন্নতা হ্রাসে মানবিক সহায়তা কর্মসূচি (জিআর) | [১.৫.১] উপকারভোগী | সংখ্যা (লক্ষ জন) | ২ | ৪০ | ১৭১.১১ |
| ৬. | [১.৬] প্রতিবন্ধী, নারী ও বৃদ্ধ জনসাধারণের জন্য বাংলাদেশ নৌবাহিনী পরিচালিত নারায়ণগঞ্জ ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ হতে সংগ্রহপূর্বক ২০টি পাল্টিপারপাজ এক্সেসিবল রেসকিউ বোট বন্যাপ্রবণ জেলাসমূহের জেলা প্রশাসকের নিকট হস্তান্তর | [১.৬.১] সরবরাহকৃত রেসকিউ বোট | তারিখ | ২ | ১৪-০৪-২০২৩ | ৩০-০৮-২০২২ |
| ৭. | [১.৭] Project for Capacity Enhancement on Formulation and Implementation of ocalDisaster Risk Reduction Plan প্রণয়ন | [১.৭.১] সুনামগঞ্জ ও কক্সবাজার জেলায় ০২টি করে মোট ০৪টি উপজেলায় দুর্যোগ ঝুঁকির বেইজলাইন সার্ভে সম্পন্নকরণ | তারিখ | ২ | ১৪.০৪.২৩ | ১৩-০৪-২০২৩ |

(খ) দুর্যোগ ব্যবস্থাপনা পদ্ধতি প্রাতিষ্ঠানিকীকরণ এবং পেশাদারিত্ব সৃষ্টি ও সক্ষমতা বৃদ্ধি: (নম্বর-২৩)

| নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|---|---|---|---|
| ১. | [২.১] পেশাদারিত্ব ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারিদের জন্য লার্নিং সেশন আয়োজন | [২.১.১] লার্নিং সেশন আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৪ |
| | | [২.১.২] মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | সংখ্যা | ২ | ৪ | ৬ |
| ২. | [২.২] অভ্যন্তরীণ বাস্তুচ্যুতি বিষয়ক কর্মপরিকল্পনার খসড়া প্রণয়ন | [২.২.১] কর্মপরিকল্পনা চূড়ান্তকরণ | তারিখ | ২ | ০১-০৪-২০২৩ | ৩০-০৮-২০২২ |
| ৩. | [২.৩] সশস্ত্র বাহিনী বিভাগের সাথে যৌথভাবে ডিজাস্টার রেসপন্স এন্ড এক্সচেঞ্জ এক্সারসাইজ আয়োজন | [২.৩.১] এক্সারসাইজ আয়োজিত | তারিখ | ২ | ৩১.০১.২৩ | ৩১-০১-২০২৩ |
| ৪. | [২.৪] বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের জন্য কক্সবাজার ও ভাসানচরে স্থাপিত ক্যাম্পসমূহের | [২.৪.১] কার্যক্রম পরিদর্শনকৃত | সংখ্যা | ২ | ৮ | ৯ |
| | | [২.৪.২] পরিদর্শন সুপারিশ বাস্তবায়ন | % | ১ | ৫০ | ৬২.৫ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ব্যবস্থাপনা কার্যক্রম পরিদর্শন | | | | | |
| ৫. | [২.৫] সিপিপি স্বেচ্ছাসেবকদের উপজেলাভিত্তিক স্বীকৃতি ও পুরস্কার প্রদান | [২.৫.১] পুরস্কারপ্রাপ্ত স্বেচ্ছাসেবক | সংখ্যা | ২ | ৯০ | ৯৩ |
| ৬. | [২.৬] মন্ত্রণালয়ের বিভিন্ন কর্মসূচির সামাজিক প্রভাব সম্পর্কিত সমীক্ষা ফলাফল উপস্থাপন | [২.৬.১] প্রণয়নকৃত সমীক্ষা রিপোর্ট উপস্থাপিত | তারিখ | ২ | ৩১.০৩.২৩ | ৩১-১০-২০২২ |
| ৭. | [২.৭] দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা প্রকাশনা ও বিতরণ | [২.৭.১] প্রকাশিত বার্তা | সংখ্যা | ১ | ২ | ২ |
| | | [২.৭.২] প্রকাশিত বার্তার কপি বিতরণ | সংখ্যা | ১ | ১০০ | ১০০ |
| ৮. | [২.৮] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.৮.১] দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি উপস্থাপন | % | ১ | ৪০ | ৪০.৪১ |
| | | [২.৮.২] দ্বিপাক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৪০ | ৪৮.৬৯ |
| ৯. | [২.৯] অধীনস্ত অধিদপ্তরে জনবল নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত কার্যক্রম | [২.৯.১] চলমান নিয়োগকার্যক্রম সম্পন্নকরণ | তারিখ | ১ | ০১-০৪-২০২৩ | ০৭-০৭-২০২২ |
| | | [২.৯.২] ৯ম গ্রেড এবং তদূর্ধ্ব যোগ্য কর্মকর্তাদের পদোন্নতি নিষ্পত্তিকরণ | তারিখ | ১ | ১৫-০৪-২০২৩ | ১০-০৪-২০২৩ |
| ১০. | [২.১০] সেন্দাই ফ্রেমওয়ার্ক বাস্তবায়নে মিড টার্ম রিভিউ সংক্রান্ত কর্মশালা | [২.১০.১] আয়োজিত কর্মশালা | তারিখ | ১ | ১৫-০৪-২০২৩ | ২২-১২-২০২২ |
| ১১. | [২.১১] ইমারজেন্সি মাল্টি সেক্টর রোহিঙ্গা ক্রাইসিস রেসপন্স প্রজেক্ট বাস্তবায়ন | [২.১১.১] ট্রেনিং স্পেশালিষ্ট নিয়োগ চূড়ান্তকরণ | তারিখ | ১ | ৩১-০৫-২০২৩ | ৩১-০৮-২০২২ |

(গ) দুর্যোগ ঝুঁকিহ্রাসের লক্ষ্যে অবকাঠামো সম্প্রসারণ ও মানোন্নয়ন: (নম্বর-২৩)

| নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|---|---|---|---|
| ১. | [৩.১] ক্ষুদ্র ও মাঝারি আকারের ব্রীজ/কালভার্ট নির্মাণ | [৩.১.১] নির্মিত ব্রীজ/কালভার্ট | কিলোমিটার | ২ | ৩ | ৩.৪০২ |
| | | [৩.১.২] ব্রীজ/কালভার্ট পরিদর্শনের সংখ্যা | সংখ্যা | ১ | ১০ | ১২ |
| | | [৩.১.৩] পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন | % | ১ | ৫০ | ৮০ |
| ২. | [৩.২] বহুমুখী বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ | [৩.২.১] নির্মিত বন্যা আশ্রয়কেন্দ্র | হাজার বর্গমিটার | ২ | ৫৩ | ৫৪.৫ |
| | | [৩.২.২] বন্যা আশ্রয়কেন্দ্র পরিদর্শনের সংখ্যা | সংখ্যা | ১ | ১২ | ১৮ |
| | | [৩.২.৩] পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন | % | ১ | ৫০ | ৯০.৯০ |
| ৩. | [৩.৩] ত্রাণ সামগ্রী সংরক্ষণের জন্য জেলা ত্রাণ গুদাম-কাম-তথ্য কেন্দ্র নির্মাণ | [৩.৩.১] নির্মিত ত্রাণ গুদাম | হাজার বর্গমিটার | ২ | ৪ | ৪ |
| | | [৩.৩.২] ত্রাণ গুদাম-কাম-তথ্য কেন্দ্র পরিদর্শনের সংখ্যা | সংখ্যা | ১ | ১০ | ১০ |
| | | [৩.৩.৩] পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন | % | ১ | ৫০ | ৭৫ |
| ৪. | [৩.৪] গ্রামীণ এলাকায় হেরিংবোন বন্ড রাস্তা নির্মাণ | [৩.৪.১] নির্মিত হেরিং বোন বন্ড রাস্তা | কিলোমিটার | ২ | ৪০০ | ৭৪১.১৩ |
| | | [৩.৪.২] হেরিংবোন বন্ড রাস্তা পরিদর্শনের সংখ্যা | সংখ্যা | ১ | ২৫ | ২৯ |
| | | [৩.৪.৩] পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন | % | ১ | ৫০ | ৮৩.৩৩ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৫. | [৩.৫] মানুষ ও গবাদি পশুর নিরাপত্তায় মুজিব কিল্লা নির্মাণ | [৩.৫.১] নির্মিত মুজিব কিল্লা | হাজার বর্গমিটার | ২ | ১৫ | ১৭.২৮ |
| | | [৩.৫.২] মুজিব কিল্লা পরিদর্শনের সংখ্যা | সংখ্যা | ১ | ১০ | ১০ |
| | | [৩.৫.৩] পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন | % | ১ | ৫০ | ৮৩ |
| ৬. | [৩.৬] বজ্রপাত নিরোধক যন্ত্রপাতি স্থাপন প্রকল্প পরিকল্পনা কমিশনে প্রেরণ | [৩.৬.১] পরিকল্পনা কমিশনে প্রেরিত | তারিখ | ১ | ০১-০৬-২০২৩ | ১৬-০৮-২০২২ |
| ৭. | [৩.৭] "বঙ্গবন্ধু শেখ মুজিব সিপিপি ভবন" নির্মাণ প্রকল্প পরিকল্পনা কমিশনে প্রেরণ | [৩.৭.১] পরিকল্পনা কমিশনে প্রেরিত | তারিখ | ১ | ০১-০৬-২০২৩ | ০৪-০৪-২০২৩ |
| ৮. | [৩.৮] ভূমিকম্প ও অন্যান্য দুর্যোগকালে অনুসন্ধান, উদ্ধার অভিযান পরিচালনা এবং জরুরি যোগাযোগের জন্য যন্ত্রপাতি সংগ্রহ | [৩.৮.১] উদ্ধার অভিযানে ব্যবহার্য যন্ত্রপাতি সংরক্ষণের লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের জন্য শেড কাম স্টোরেজ নির্মাণের ঠিকাদার নির্বাচন ও কার্যাদেশ প্রদান | তারিখ | ১ | ০১-০৬-২০২৩ | ০১-০৬-২০২৩ |

২। সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন;

খ) সকল প্রকল্পের পিএসসি'র ২০২২-২৩ অর্থ বছরের সর্বশেষ মাসের (জুন/মে) সভার কার্যবিবরণী এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট ১৩/০৭/২০২৩ তারিখের মধ্যে দাখিল করতে হবে;

গ) সকল প্রমাণক এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে ১৬/০৭/২০২৩ তারিখের মধ্যে দাখিল সম্পন্ন করতে হবে;

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

১৩/৭/২০২৩

( মোঃ কামরুল হাসান *এনডিসি*)
সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

নং- ৫১.০০.০০০০.২২০.২০.০২২.২২(অংশ-৩)-৬০৮

২৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
তারিখঃ-----------------------
১৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

মন্ত্রিপরিষদ সচিব,
মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃআঃ জনাব মোঃ ফাউজুল কবীর, সিনিয়র সহকারী সচিব (বাস্তবায়ন পরিবীক্ষণ ২ শাখা)]

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
২. অতিরিক্ত সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৩. যুগ্মসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৪. পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)।
৫. উপসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

১৩/৭/২০২৩

(মোহাম্মদ ফারুক হোসেন)
উপসচিব (বাজেট)
ফোনঃ ৫৫১০০৬৯২
Email: dsbudget@modmr.gov.bd